তারিখ ঃ...........................
উপ-বস (রিমস্) এর স্বাক্ষর
...এর সহঃ স্বাক্ষর ঃ...................

শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ
বন ভবন, মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২০২২- ৪৪২৬ তারিখঃ- ২৯ /০৮/২০২২খ্রিঃ।

বিষয়ঃ- পোষা পাখি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২০ এর আলোকে প্রাপ্ত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট বাতিল প্রসংগে।

সূত্রঃ- বন্যপ্রাণী পরিদর্শক এর পত্র নং ২২.০১.০০০০.১১১.২৩.০০০.২২.১২৩ তাং- ২৩/০৮/২০২২খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পোষা পাখি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২০ এর আলোকে আপনার নামে অত্র বন বিভাগ হতে লাইসেন্স নং- ৪৩ তাং- ০১/০২/২০২২খ্রিঃ এবং পজেশন সার্টিফিকেট নং- ৪১ তাং- ০১/০২/২০২২খ্রিঃ প্রদান করা হয়।

উক্ত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট অনুযায়ী বন সংরক্ষক বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল এর কার্যালয় হতে পত্র নং- ২২.০১.০০০০.১০১.২৩.০৭০.২০২২-৩৪৫০ তাং- ১৮/০৭/২০২২খ্রিঃ মূলে এন.ও.সি প্রদান করা হয়। প্রাপ্ত এন.ও.সি. এর প্রেক্ষিতে আপনি গত ১৪/০৮/২০২২খ্রিঃ তারিখে সাইপ্রাস হতে ০৫টি Blue and gold Macaw x Green winged Macaw (Hybrid) ও ০১টি Galah আমদানী করেন। কিন্তু আমদানির তারিখ অত্র বন বিভাগের লিখিত বা মৌখিক ভাবে অবহিত করেন নি, যা No Objection Certificate (NOC) এর ৫ নং শর্ত এবং ৮ নং শর্ত লঙ্গন করা হয়েছে।

তদন্তকারী কর্মকর্তা, বন্যপ্রাণী পরিদর্শক আপনার খামার পরিদর্শনকালীন সময়ে আপনি খামারে উপস্থিত ছিলেন না, এমনকি তদন্তকারী কর্মকর্তা আপনার সহিত মোবাইল ফোনে যোগাযোগের চেষ্টা করলেও আপনার মোবাইল ফোনটি বন্ধ পাওয়া যায়। পরবর্তীতে খামারের কর্মচারী জনাব মোঃ রবিউল আলম, গ্রাম- চরসাহেব, রামপুর, মুলাদী, মাদারীপুর এর কাছে সাইটিস পেপার ও রিং নাম্বার অনুযায়ী ০৫টি Blue and gold Macaw x Green winged Macaw (Hybrid) দেখাতে বলা হলে তিনি দেখাতে পারেননি। তাছাড়া খামারের কোন তথ্য ও রেজিষ্টারও দেখাতে পারেন নি, যা পোষা পাখি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২০ অনুযায়ী বিধি ১২(১) ও বিধি ১৩ লঙ্গন করা হয়েছে।

এছাড়াও উক্ত তদন্তকারী কর্মকর্তা আপনার খামার পুণঃ পরিদর্শন করে ০৩টি Blue and gold Macaw পান, যার কোন বৈধ কাগজপত্র দেখাতে পারেন নি। যেহেতু আপনি পোষা পাখি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২০ এর বিধি ১২(১) ও বিধি ১৩ লঙ্গন ও No Objection Certificate (NOC) এর ৫ নং শর্ত ও ৮ নং শর্ত লঙ্গন করেছেন সেহেতু পোষা পাখি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২০ এর আলোকে আপনি জনাব ফয়েজ আহাম্মদ, মেসার্স হামিম ইমপোর্ট লাইভ বার্ড, পিতা- হাজী নূর মোহাম্মদ, মাতা- রহিমা খাতুন, হোল্ডিং- ৩১, রোড নং- ৪, ব্লক- ই, থানা- রামপুরা, জেলা- ঢাকা এর নামে অত্র দপ্তর হতে ইস্যুকৃত পোষা পাখি লালন-পালন খামারের জন্য লাইসেন্স নং- ৪৩ তাং- ০১/০২/২০২২খ্রিঃ এবং পজেশন সার্টিফিকেট নং- ৪১ তাং- ০১/০২/২০২২খ্রিঃ এতদ্বারা বাতিল করা হলো। আপনার নামে ইস্যুকৃত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট অত্র বিভাগে জমা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

২৯/০৮/২০২২

(কাজল তালুকদার)
বিভাগীয় বন কর্মকর্তা
বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ
বন ভবন, মহাখালী, ঢাকা-১২১২।

২৯/০৮/২০২২

প্রাপকঃ- জনাব ফয়েজ আহাম্মদ
মেসার্স হামিম ইমপোর্ট লাইভ বার্ড
পিতা- হাজী নূর মোহাম্মদ
মাতা- রহিমা খাতুন, হোল্ডিং- ৩১
রোড নং- ৪, ব্লক- ই, থানা- রামপুরা, জেলা- ঢাকা

স্মারক নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২০২২- ৪৪২৬ তারিখঃ- ২৯ /০৮/২০২২খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নবর্ণিত মহলে প্রেরণ করা হলো।

১। প্রধান বন সংরক্ষক, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
২। বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
৩। প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী ১১১-১১৩, মতিঝিল বণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
৪। কমিশনার অব কাষ্টমস্, কষ্টমস্ হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
৫। পরিচালক, বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
৬। উপ-বন সংরক্ষক, রিমস্ ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা। বিষয়টি বন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো।
৭। সহকারী পরিচালক (Assiatant Director), Livestock Quarantine Station, Terminal-1 হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
৮। বন্যপ্রাণী পরিদর্শক, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, বন ভবন, মহাখালী, ঢাকা।

২৯/০৮/২০২২

(কাজল তালুকদার)
বিভাগীয় বন কর্মকর্তা
বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ
বন ভবন, মহাখালী, ঢাকা-১২১২।

২৯/০৮/২০২২